অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/17/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্টেটব্যাপী অতি গুরুত্বপূর্ণ পানি অবকাঠামো প্রকল্পসমূহের জন্য 425 মিলিয়ন মার্কিন ডলার অনুদান ঘোষণা করলেন

পানি অবকাঠামো উন্নয়ন এবং আন্তঃমিউনিসিপ্যাল অনুদান কর্মসূচিসমূহের পরবর্তী রাউন্ড পরিবেশ সংক্রান্ত বন্ড আইনের প্রথম ব্যয় দ্বারা বলীয়ান হবে

3 মে থেকে আবেদন গ্রহণ করা শুরু হবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে পরিষ্কার পানি, পরিচ্ছন্ন বায়ু এবং সবুজ কর্মসংস্থান পরিবেশ সংক্রান্ত বন্ড আইন 2022 (Clean Water, Clean Air and Green Jobs Environmental Bond Act 2022) এর অধীনস্থ প্রথম ব্যয় দ্বারা বলীয়ান হওয়া স্টেটের পানি অবকাঠামো উন্নয়ন এবং আন্তঃমিউনিসিপ্যাল অনুদান কর্মসূচিসমূহের পরবর্তী রাউন্ডের মাধ্যমে 425 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য করা হবে।সরকারি তহবিলের সংযোজন পানি অবকাঠামো উন্নয়নকাজকে স্থানীয় সরকারসমূহের জন্য আরো সাশ্রয়ী করতে, স্থিতিস্থাপকতা বলীয়ান করতে , জলবায়ু পরিবর্তনের সাথে লড়াই করতে এবং উৎপাদন, প্রকৌশল, নির্মাণ, প্ল্যান্ট পরিচালনা, এবং সম্পর্কিত শিল্পখাতে কর্মসংস্থান অব্যাহত রাখবে।

"ভোটার অনুমোদিত পরিবেশ সংক্রান্ত বন্ড আইনের (Environmental Bond Act) কল্যাণে, অনুদান তহবিলের এই উন্নত রাউন্ডটি নিউ ইয়র্ক স্টেটজুড়ে সম্প্রদায়সমূহের রূপান্তরে সাহায্য করবে এবং কয়েক প্রজন্মের নিউ ইয়র্কবাসীকে লাভবান করবে," **গভর্নর হোকল বলেন।** "বন্ড আইনের একটি প্রধান উপাদান হলো পানির অবকাঠামোতে উল্লেখযোগ্য তহবিল প্রদান করা, এবং এই তহবিলটি সম্প্রদায়সমূহকে আরো বলীয়ান ও বুদ্ধিমান গঠনে সাহায্য করবে যাতে নিরাপদ খাবার পানি ও বর্জ্যপানির ফ্যাসিলিটিসমূহ যাতে জলবায়ু পরিবর্তনের প্রভাব সহ্য করতে পারে তা নিশ্চিত করা যায়।"

নিউ ইয়র্কবাসীরা 2022 সালের নভেম্বর মাসে অপ্রতিরোধ্য সংখ্যাগরিষ্ঠতা দ্বারা 4.2 বিলিয়ন মার্কিন ডলারের পরিবেশ সংক্রান্ত বন্ড আইনকে অনুমোদিত করে। স্টেটের এজেন্সি, স্থানীয় সরকার এবং অংশীদারগণ পানির মান সুরক্ষা, সম্প্রদায়সমূহকে জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাইতে নিতে সাহায্য করা, স্থিতিস্থাপকতা বৃদ্ধি করা এবং সবুজ কর্মসংস্থান সৃষ্টির জন্য তহবিল ব্যবহার করতে পারবে। বন্ড আইনের তহবিলটি পুরো স্টেটে নতুন ও সম্প্রসারিত প্রকল্পসমূহকে

সমর্থন করবে যা খাবার পানির উৎসকে নিরাপদ রাখবে, দূষণ হ্রাস করবে, এবং সম্প্রদায় ও প্রাকৃতিক সংস্থানকে জলবায়ু পরিবর্তন থেকে রক্ষা করবে।

স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) ও পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশন (Environmental Facilities Corporation, EFC) পানি অবকাঠামো উন্নয়ন আইন (Water Infrastructure Improvement Act, WIIA) এবং আন্তঃমিউনিসিপ্যাল অনুদান (Intermunicipal Grant, IMG) কর্মসূচিসমূহের পরিচালনা করে। WIIA এবং IMG যথাক্রমে 2015 এবং 2017 সালে স্থাপিত হয়, এবং এগুলি পরিষ্কার পানি অবকাঠামো আইন (Clean Water Infrastructure Act, CWIA) দ্বারা অর্থায়িত হয়। আজকের ঘোষিত তহবিলে রয়েছে পানির মানের অবকাঠামোতে গভর্নরের ঐতিহাসিক প্রতিশ্রুতি থেকে 225 মিলিয়ন মার্কিন ডলার এবং পরিবেশন সংক্রান্ত বন্ড আইন থেকে 200 মিলিয়ন মার্কিন ডলার, যা পানির মান উন্নয়নকাজ এবং স্থিতিস্থাপক অবকাঠামোর তহবিল ব্যবহার করতে সাহায্য করার জন্য বিশেষভাবে WIIA ও IMG কর্মসূচিকে নির্বাচিত করেছে।

একাধিক স্টেট এজেন্সি নিয়ে গঠিত একটি আন্তঃএজেন্সি কর্মগোষ্ঠী স্টেটজুড়ে পরিবেশ সংক্রান্ত অর্থায়নের চাহিদা সনাক্ত করছে এবং বন্ড আইন বাস্তবায়নের জন্য কর্মসূচির লজিস্টিক তৈরি করছে, যার মধ্যে থাকবে একটি স্বচ্ছ ও সহযোগিতামূলক প্রক্রিয়ার মাধ্যমে প্রকল্প কীভাবে নির্বাচিত হবে ও কীভাবে এর কাজ হবে সে সম্পর্কে অতিরিক্ত যোগ্যতার নির্দেশনা। এইসব প্রয়াসের অংশ হিসেবে, 15 মার্চ EFC জনগণের মতামতের জন্য খসড়া WIIA/IMG বন্ড আইনের যোগ্যতার নির্দেশনা প্রকাশ করে।

পরিবেশ সংক্রান্ত বন্ড আইনের তহবিল সংযোজিত হওয়ার ফলে তা বয়িষ্ণু ব্যবস্থার আধুনিকায়ন ও খাবার পানির সুরক্ষায় WIIA/IMG অনুদান কর্মসূচির লিগেসিকে সম্প্রসারিত করতে সাহায্য করবে। এই রাউন্ডটি উদীয়মান দূষক সমাধানকারী খাবার পানি প্রকল্প এবং সেই সাথে অতি গুরুত্বপূর্ণ বর্জ্যপানির প্রকল্পকে অনুদান প্রদানে অগ্রাধিকার দিয়ে যাবে। সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহ সম্মিলিত WIIA/IMG এবং পরিবেশ সংক্রান্ত বন্ড আইন তহবিলের কমপক্ষে 35 শতাংশ সুবিধা পাবে।

3 মে থেকে আবেদনপত্র এবং যোগ্যতার নির্ণায়ক efc.ny.gov এ উপলভ্য থাকবে।

এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মরিন এ. কোলম্যান বলেন, "আমাদের জনপ্রিয় অনুদান কর্মসূচিসমূহের মাধ্যমে পরিবেশ সংক্রান্ত বন্ড আইনের প্রথম মার্কিন ডলার উপলভ্য করতে সাহায্য করতে পেরে EFC আনন্দিত। আমাদের মিউনিসিপ্যাল অংশীদারগণ যাতে তাদের পরিষ্কার পানির সমস্যাকে সামনে থেকে মোকাবেলা করতে পারে এবং অতি গুরুত্বপূর্ণ প্রকল্পের কাজ শুরু করতে পারে সে ব্যাপারে তাদের সাহায্য করার জন্য তহবিল সমাধান প্রদান করতে গভর্নর হোকলের সক্রিয় প্রতিশ্রুতির জন্য EFC তার প্রশংসা করছে।"

পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার এবং EFC বোর্ডের প্রধান ব্যাসিল সেগোস বলেন, "পরিবেশ সংক্রান্ত বন্ড আইনের মাধ্যমে উপলভ্য থাকা রেকর্ড তহবিল এবং স্টেট কর্মসূচির টেক্সোলি বিনিয়োগের মাধ্যমে, মিউনিসিপ্যালিটিগুলির কাছে এখন তাদের পানির মান রক্ষা করার জন্য প্রয়োজনীয় প্রকল্প বাস্তবায়ন করার আরো বেশি সুযোগ রয়েছে। আমাদের সম্প্রদায়সমূহে পরিষ্কার পানির সংস্থানে বিনিয়োগ এবং পরিবেশ সংক্রান্ত, জনস্বাস্থ্য, ও অর্থনৈতিক লাভ অগ্রসর করার জন্য DEC, গভর্নর হোকল, EFC, এবং আমাদের স্থানীয় অংশীদারদের সাথে কাজ চালিয়ে যাবে।"

ভারপ্রাপ্ত স্বাস্থ্য কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন, "নিরাপদ খাবার পানি সকলের প্রাপ্য। জীবনের জন্য এটি অপরিহার্য এবং স্বাস্থ্যকর সম্প্রদায় তৈরি ও ধরে রাখার জন্য অত্যাবশ্যকীয়। পরিষ্কার পানি অবকাঠামোতে এইসব কৌশলী বিনিয়োগ প্রকল্পসমূহকে স্টেটজুড়ে সম্প্রদায়সমূহের সামর্থ্যের মধ্যে রাখবে, যা আরো বলীয়ান, স্বাস্থ্যকর নিউ ইয়র্ক গঠনের ভিত্তি স্থাপন করবে। বর্তমানে ও ভবিষ্যতের নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য ও সুস্থতার জন্য গভর্নর হোকলের চলমান প্রতিশ্রুতির জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন, "পরিষ্কার পানি অবকাঠামোতে নিউ ইয়র্ক স্টেটের সক্রিয় বিনিয়োগ হলো পরিষ্কার খাবার পানির সুরক্ষা, জনস্বাস্থ্য, এবং পরিবেশ সংক্রান্ত সুরক্ষার জন্য মুখ্য, কিন্তু এছাড়াও তা স্বাস্থ্যকর, টেকসই এবং স্থিতিস্থাপক সম্প্রদায় গঠনে স্টেটের প্রতিশ্রুতির প্রতিফলন করে। পরিষ্কার পানি, পরিচ্ছন্ন বায়ু, ও সবুজ কর্মসংস্থান পরিবেশ সংক্রান্ত বন্ড আইন 2022 দ্বারা সমর্থিত 425 মিলিয়ন মার্কিন ডলার সরকারি তহবিলের সংযোজন নিউ ইয়র্কবাসীদের জীবনে এবং জলবায়ু পরিবর্তন স্থিতিস্থাপকতা বলীয়ান করতে স্থানীয় সরকারসমূহের প্রয়াসের ক্ষেত্রে একটি পার্থক্য তৈরি করে দিচ্ছে।"

পরিবেশের জন্য নাগরিক ক্যাম্পেইনের (Citizens Campaign for the Environment) নির্বাহী পরিচালক এড্রিয়ান এস্পোজিটো বলেন, "নভেম্বরে পরিবেশ সংক্রান্ত বন্ড আইনের প্রতি জনগণের দুর্বার সমর্থন একটি শক্তিশালী, স্পষ্ট বার্তা প্রদান করেছে যে আমাদের বর্জ্যপানি এবং খাবার পানির অবকাঠামোর উন্নয়ন করা অতি জরুরিভাবে প্রয়োজন।জনমত এসে গেছে এবং এখন গভর্নর হোকল ও আমাদের নির্বাচিত নেতৃবৃন্দ বন্ড আইনটি যেই প্রতিশ্রুতি দিয়েছে তা পালন করছেন। পুরো নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহে ব্যাপকভাবে পরিষ্কার পানি উন্নয়নকাজের অতি গুরুত্বপূর্ণ চাহিদা রয়েছে, যেখানে জনগণের ব্যাপক সমর্থন রয়েছে এবং যা অত্যাবশ্যকীয় জনস্বাস্থ্য সুবিধা প্রদান করে।বিশ্ব সপ্তাহে এটি দারুণ এবং স্বাগত সংবাদ।"

নিউ ইয়র্ক স্টেটের কাউন্টি অ্যাসোসিয়েশনের (New York State Association of Counties) নির্বাহী পরিচালক স্টিফেন জে. অ্যাকোয়ারিও বলেন, "এর সূচনা থেকে, পানি অবকাঠামো উন্নয়ন আইন পুরো নিউ ইয়র্ক স্টেটজুড়ে খাবার পানি ও বর্জ্যপানি অবকাঠামো প্রকল্পসমূহের তহবিলের জন্য একটি অত্যাবশ্যকীয় উৎস হয়ে আছে। বয়িষ্ণু পাইপ, পাম্প, ও অন্যান্য অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো মেরামত ও প্রতিস্থাপন করার, এবং আগামী অনেক প্রজন্মের জন্য সম্প্রদায়সমূহের কাছে পরিষ্কার ও নিরাপদ পানি উপলভ্য থাকবে তা নিশ্চিত করতে সাহায্য করার জন্য নতুন পরিশোধন প্রযুক্তি স্থাপন করার জন্য স্থানীয় সরকারসমূহের চলমান প্রয়াসকে এই অনুদান তহবিলের এই নতুন রাউন্ডটি সমর্থন করবে। আমাদের পানি

অবকাঠামোতে বিনিয়োগকে অগ্রাধিকার প্রদান এবং নিউ ইয়র্কের মানুষের কল্যাণে ঐতিহাসিক পরিষ্কার পানি, পরিচ্ছন্ন বায়ু, ও সবুজ কর্মসংস্থান পরিবেশ সংক্রান্ত বন্ড আইনের তহবিল ব্যবহার করার জন্য আমরা গভর্নর হোকলের প্রশংসা করছি।"

পানির মানের প্রতি নিউ ইয়র্কের প্রতিশ্রুতি

নিউ ইয়র্ক বিশুদ্ধ জলের অবকাঠামোর প্রকল্পে বিনিয়োগ বাড়াচ্ছে। 2023 স্টেট অফ দ্য স্টেটে (State of the State) এবং তার 2023-24 নির্বাহী বাজেট (Executive Budget) প্রস্তাবনায় গভর্নর হোকল পরিষ্কার পানির তহবিলে অতিরিক্ত 500 মিলিয়ন মার্কিন ডলার যোগ করার প্রস্তাব করেছেন, যার ফলে 2017 সাল থেকে পরিষ্কার পানির অবকাঠামোতে নিউ ইয়র্কের মোট বিনিয়োগ হবে 5 বিলিয়ন মার্কিন ডলার। এইসব বিনিয়োগ কাজে লাগানোর জন্য এবং স্থানীয় সরকারসমূহের সাথে চলমান সমন্বয় অব্যাহত রাখা নিশ্চিত করার জন্য, গভর্নর সম্প্রদায়ের সহায়তা দল (Community Assistance Teams) তৈরির প্রস্তাবনা প্রদান করেছেন যাতে ক্ষুদ্র, গ্রামীণ এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহকে তাদের পানির অবকাঠামো চাহিদা পূরণ করতে আর্থিক সহায়তা পাওয়ার সুযোগ করে দিতে সাহায্য করার জন্য সক্রিয় আউটরিচ প্রদান করা যায়। উদ্যোগটি সম্প্রতি শুরু করা হয়েছে এবং আউটরিচ বৈঠকসমূহ চলছে। নিজদের পানি অবকাঠামো নিয়ে সাহায্য প্রয়োজন এমন যেকোনো সম্প্রদায়কে efc.ny.gov/CAT এ EFC এর সাথে যোগাযোগ করার জন্য উৎসাহিত করা হচ্ছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন